গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : **উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির অক্টোবর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
তারিখ : ১৭/১০/২০২৪ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.৪৫ মিনিট
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। উপজেলা নারী ও শিশু নির্যাতন নিরোধ বিষয়ে সবাইকে একযোগে কাজ করতে হবে এবং সচেতনতা বাড়াতে হবে। সভায় নারী ও শিশু নির্যাতন নিরোধ সংক্রান্ত উপস্থিত সদস্যগণ নিজেদের মতামত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত | (১) উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান এ উপজেলা যেন নারী ও শিশু নির্যাতন এই ধরণের ঘটনা না ঘটে সেই দিকে কঠোর দৃষ্টি রাখার জন্য সবাইকে অনুরোধ করেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান এ মাসে তার দপ্তরে কোনো নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অভিযোগ পাওয়া যায়নি।<br>(২) ভূরুঙ্গামারী উপজেলার জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এনজিও প্রতিনিধি ও কমিটির সকলকে যার যার অবস্থান থেকে নারী ও শিশু নির্যাতন বন্ধে কার্যকর ভূমিকা রাখার বিষয়ে মতামত প্রদান করেন। | নারী নির্যাতন ও বাল্য বিবাহ বন্ধ সম্পর্কিত কোনো অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম |
| ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি সংক্রান্ত | সভাপতি, উপজেলা নারী ও শিশু নির্যাতন নিরোধ সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি সভার কার্যবিবরণী প্রতিমাসের ৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নিযাতন প্রতিরোধ কমিটির সভা আহ্বান করে দ্রুত কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম |
| জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা সংক্রান্ত | প্রতিটি এলাকায় নারী ও শিশু নির্যাতন নিরোধের বিষয়ে কোন তথ্য পাওয়া মাত্র উপজেলা প্রশাসন এবং পুলিশকে তাৎক্ষণিক জানানো, এলাকার জনপ্রতিনিধি, সুধীসমাজ, গ্রাম-পুলিশ এবং জনসাধারণদের নিয়ে ওয়ার্ড ভিত্তিক সভা করে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | ওয়ার্ড ভিত্তিক নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে ওয়ার্ড ভিত্তিক সভা-সেমিনার ও উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| সচেতন ও সতর্ক থাকা সংক্রান্ত | নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অনাকাঙ্ক্ষিত কোন ঘটনা যেন না ঘটে সে বিষয়ে সকলকে সতর্ক থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নারী ও শিশু নির্যাতন বন্ধে সকলকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) এবং সংশ্লিষ্ট সকল সদস্য ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০৪৫.২৩- ৭২৪

তারিখ : ০১ কার্তিক ১৪৩১ / ১৭ অক্টোবর/ ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুড়িগ্রাম
৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
৫. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬. চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।